

দেলদুয়ার উপজেলা পরিষদের জুন/২০২২ খ্রি: তারিখে উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ১-

সভাপতি	:	জনাব হোসনে আরা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
সভার তারিখ ও সময়	:	০২ জুন ২০২২, বেলা ২:৩০ টা।
স্থান	:	সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : (স্বাক্ষরের ক্রমানুসারে)।


ক্রঃ নং	নাম	পদবী ও ঠিকানা
০১	হোসনে আরা আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০২	শাহীন মোহাম্মদ খান	চেয়ারম্যান, লাউহাটী ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৩	মোঃ মাহবুব আলম	উপজেলা যুব উন্নয়ন অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৪	রেখা ইয়াসমিন	উপজেলা সমবায় অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৫	শুভারানী মন্ডল	নির্বাহী পরিচালক, সেবা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থা।
০৬	দেওয়ান খায়রুন নাহার	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দেলদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃষ্টিকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :				
২	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা প্রতি মাসে নিয়মিত করা হচ্ছে। দুঃস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে।	দাণ্ডরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৩	চেয়ারম্যান লাউহাটী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, লাউহাটী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করা হচ্ছে।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান লাউহাটী ইউপি।

৪	উপজেলা যুব উন্নয়ন অফিসার	উপজেলা যুব উন্নয়ন অফিসার, দেলদুয়ার টাঙ্গাইল বলেন যে, ক্ষুদ্র ঋণ আদায়ে হার বাড়াতে হলে, খেলাপী ঋণ গ্রহীতাদের ঋণ আদায়ের জন্য নিয়োগিত নোটিশ প্রদান করতে হতে।	এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার।
৫	উপজেলা সমবায় অফিসার	উপজেলা সমবায় অফিসার জানান যে, তাঁর দপ্তরের অফিসের ভবন এবং টয়লেট এর অবস্থা খুবই খারাব। তাই তিনি অফিস ভবন এবং টয়লেট মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা সমবায় অফিসার।
৬	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনাস্তে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


০৮/০৮/২০২২

(হোসনে আরা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান

ও
সভাপতি

উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখ : ০৩/০৬/২০২২ খ্রি:

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-২২- ৫ ২৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।


০৬/০৬/২২
দেওয়ান খায়রুন নাহার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
দেলদুয়ার, টাঙ্গাইল।